অধ্যায় ০১

# আমাদের পরিবেশ

## আলোচ্য বিষয়

- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য
- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব
- পরিবেশ সংরক্ষণের গুরুত্ব।

## অধ্যায়ের মূলকথা

আমাদের চারপাশে যা কিছু আছে সবকিছু নিয়েই আমাদের পরিবেশ। এই পরিবেশের মধ্যে বিদ্যমান রয়েছে প্রাকৃতিক ও সামাজিক উপাদানের বিশাল সম্ভার। এসব উপাদানের মধ্যে ব্যাপক বৈচিত্র্য লক্ষ করা যায়। পরিবেশের অস্তিত্ব রক্ষায় এই প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আবার প্রাকৃতিক ও মানবসৃষ্ট কারণসহ নানাবিধ কারণে পরিবেশের বৈচিত্র্য নষ্ট হয়। তাই পরিবেশের যথাযথ সংরক্ষণে আমাদের গুরুত্ব দেওয়া উচিত।



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- বৈচিত্র্যময় প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সম্পর্কে জেনে তা সংরক্ষণে সক্রিয় ভূমিকা রাখা।

## অধ্যায়ের শিখনফল

- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য বর্ণনা করতে পারবে।
- প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব উল্লেখ করতে পারবে।
- পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে করণীয় বলতে পারবে।

# ধারাবাহিক মূল্যায়ন

**পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত**

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।


## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১

**একক কাজ** (ক) ছবিটি পর্যবেক্ষণ করে প্রাকৃতিক ও সামাজিক উপাদান চিহ্নিত করি এবং নিচের ছকে তালিকা তৈরি করি–

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১



| প্রাকৃতিক পরিবেশের উপাদান | সামাজিক পরিবেশের উপাদান |
|---|---|
| সূর্য | ঘরবাড়ি |
| | |
| | |

**নির্দেশনা :** ছবিটিতে গ্রাম-বাংলার একটি লোকালয় দেখা যাচ্ছে। ছবিটি পর্যবেক্ষণ করে তালিকাটি পূরণ করবে।

**উত্তর :** তোমাদের বোঝার সুবিধার্থে সম্ভাব্য উত্তর দিয়ে ছকটি পূরণ করে নিচে দেওয়া হলো–

| প্রাকৃতিক পরিবেশের উপাদান | সামাজিক পরিবেশের উপাদান |
|---|---|
| সূর্য | ঘরবাড়ি |
| নদী | মসজিদ, মন্দির |
| পাহাড় | হাট-বাজার |
| গাছপালা | বিদ্যালয় |
| গরু, কুকুর | রাস্তা, যানবাহন |
| তৃণভূমি | খেলার মাঠ, বল |
| পাখি | নৌকা |

**দলগত কাজ** (খ) বিষয়বস্তু পড়ি এবং প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য নিচের ছকগুলোতে লিখি–

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২

| | প্রাকৃতিক পরিবেশের বৈচিত্র্য |
|---|---|
| ভূমিরূপ | কোথাও সমতল, কোথাও উঁচু-নিচু পাহাড় ও পর্বত। |
| প্রাণী | |
| আবহাওয়া | |
| জলাশয় | |
| উদ্ভিদ | |

| | সামাজিক পরিবেশের বৈচিত্র্য |
|---|---|
| পেশা | কৃষক, জেলে |
| যানবাহন | |
| শিক্ষাপ্রতিষ্ঠান | |
| ধর্মীয় অনুষ্ঠান | |
| ঘরবাড়ি | |

**নির্দেশনা :** পাঠ্যবইয়ের ২নং পৃষ্ঠার বিষয়বস্তুর মধ্যে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বিভিন্ন রূপের বর্ণনা রয়েছে। এটি পড়ে ছকটি পূরণ করবে।

**উত্তর :** তোমাদের বোঝার সুবিধার্থে সম্ভাব্য উত্তর দিয়ে ছক দুটি পূরণ করে নিচে দেওয়া হলো–

| | প্রাকৃতিক পরিবেশের বৈচিত্র্য |
|---|---|
| ভূমিরূপ | কোথাও সমতল, কোথাও উঁচু-নিচু পাহাড় ও পর্বত। |
| প্রাণী | ক্ষুদ্র কীটপতঙ্গ থেকে হাতির মতো বিশাল প্রাণী। |
| আবহাওয়া | কোথাও উষ্ণ অঞ্চল, কোথাও শীতল অঞ্চল, কোথাও বৃষ্টিপ্রবণ সবুজ প্রান্তর, কোথাও শুষ্ক মরুভূমি, কখনো অতিবৃষ্টিতে বন্যা হয়, কখনো অনাবৃষ্টির কারণে খরা হয়। |
| জলাশয় | কোথাও সাগর-মহাসাগর, কোথাও নদ-নদী, খাল-বিল ও হাওড়-বাঁওড়। |
| উদ্ভিদ | কোথাও ছোটো গাছপালার ঝোপঝাড়, কোথাও সুউচ্চ গাছের বনভূমি, কোনো গাছে সুন্দর ফুল হয়, আবার কোনো গাছে সুস্বাদু ফল। |

| | সামাজিক পরিবেশের বৈচিত্র্য |
|---|---|
| পেশা | আমাদের সমাজে বিভিন্ন পেশার মানুষ রয়েছে। যেমন— কৃষক, জেলে, ব্যবসায়ী, রিকশাচালক, শিক্ষক, ডাক্তার ইত্যাদি। |
| যানবাহন | যাতায়াতের সুবিধার জন্য বিভিন্ন ধরনের যানবাহন আছে। যেমন— রিকশা, গাড়ি, ট্রেন, লঞ্চ, বিমান ইত্যাদি। |
| শিক্ষা প্রতিষ্ঠান | বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান হলো— স্কুল, কলেজ, মাদ্রাসা, টেকনিক্যাল স্কুল, ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ইত্যাদি। |
| ধর্মীয় অনুষ্ঠান | দেশের বিভিন্ন ধর্মের মানুষ ঈদ, পূজা, বড়দিন, বুদ্ধপূর্ণিমা ইত্যাদি পালন করে। |
| ঘরবাড়ি | গ্রামে আছে কুঁড়েঘর, টিনের ঘর, মাটির ঘর, আধাপাকা ঘর, আবার শহরে আছে দালান ও বিশাল সব ইমারত। |

**একক কাজ** (গ) অ্যাসাইনমেন্ট

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩

১. আমার নিজ এলাকার প্রাকৃতিক বৈচিত্র্য বর্ণনা করি।

২. গ্রাম ও শহরে আবাসিক এলাকার বৈচিত্র্য বর্ণনা করি।

**নির্দেশনা :** তোমরা নিজেরা তোমাদের নিজ এলাকার প্রাকৃতিক বৈচিত্র্য নিয়ে একটি অ্যাসাইনমেন্ট তৈরি করবে।

**উত্তর :** তোমাদের বোঝার সুবিধার্থে অ্যাসাইনমেন্ট-১ ও অ্যাসাইনমেন্ট-২-এর নমুনা উত্তর নিচে দেওয়া হলো—

**অ্যাসাইনমেন্ট-১**

সম্পাদনায়
শিক্ষার্থীর নাম :....................
শ্রেণি :....................
রোল :....................
নির্দেশনায়
শিক্ষকের নাম :....................
বিষয় :....................
তারিখ :....................

**অ্যাসাইনমেন্ট-১-এর শিরোনাম**

**নিজ এলাকার প্রাকৃতিক বৈচিত্র্য**

**বর্ণনা :** আমার গ্রামের বাড়ি পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার পাকশী গ্রামে। আমাদের গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে পদ্মা নদী। পদ্মা নদী খুব সুন্দর। বর্ষাকালে নদীতে অনেক পানি থাকে। এ সময় জেলেরা নৌকা নিয়ে মাছ ধরে। আমার গ্রামে রয়েছে বিখ্যাত হার্ডিঞ্জ সেতু। এই সেতুর উপর দিয়ে প্রতিদিন ট্রেন চলাচল করে।

আমাদের গ্রামটি সবুজে ঘেরা। গ্রামের ভেতর দিয়ে একটা খাল এঁকেবেঁকে বয়ে গেছে। খালটি পদ্মা নদীতে গিয়ে মিশেছে।

আমাদের এলাকায় শীতকালে বেশ শীত পড়ে। কুয়াশায় চারপাশ ঢেকে যায়। আবার গ্রীষ্মকালে অনেক গরম থাকে। এ সময় আম, জাম, লিচু, কাঁঠাল পাকে। বর্ষাকালে আমাদের এলাকায় অনেক বৃষ্টি হয়। এ সময় গাছপালা সবুজ হয়ে ওঠে।

আমাদের গ্রামে গরু, ছাগল, হাঁস, মুরগি ছাড়াও অনেক রকম পাখি আছে। গাছের ডালে ময়না, টিয়া, বাবুই, টুনটুনি পাখি বাসা বাঁধে। গ্রীষ্ম ও বর্ষাকালে সাপ দেখা যায়। এছাড়া ঝোপঝাড়ে শিয়াল দেখা যায়। ফলের মৌসুমে প্রচুর কাঠবিড়ালি চোখে পড়ে।

**অ্যাসাইনমেন্ট-২**

সম্পাদনায়
শিক্ষার্থীর নাম :....................
শ্রেণি :....................
রোল :....................
নির্দেশনায়
শিক্ষকের নাম :....................
বিষয় :....................
তারিখ :....................

**অ্যাসাইনমেন্ট-২-এর শিরোনাম**


**গ্রাম ও শহরের আবাসিক এলাকার বৈচিত্র্য**

**বর্ণনা :** গ্রাম ও শহরের আবাসিক এলাকার মধ্যে ভিন্নতা রয়েছে। একটি তালিকার মাধ্যমে গ্রাম ও শহরের আবাসিক এলাকার বৈচিত্র্য নিচে তুলে ধরা হলো—

| গ্রাম এলাকার আবাসিক বৈচিত্র্য |
|---|
| গ্রামের ঘরবাড়িগুলো সাধারণ, যা প্রাকৃতিক বিভিন্ন উপাদান দিয়ে তৈরি। এছাড়া কিছু আধাপাকা বাড়িও দেখা যায়। |
| গ্রামের আবাসিক এলাকাগুলো বিভিন্ন পাড়া-মহল্লায় বিভক্ত। |
| গ্রামের আবাসিক এলাকায় শিশুদের খেলাধুলার পর্যাপ্ত জায়গা বা খেলার মাঠ রয়েছে। |
| গ্রামের আবাসিক এলাকাগুলো সবুজ গাছ-গাছালিতে ভরা। |


| শহর এলাকার আবাসিক বৈচিত্র্য |
|---|
| শহরের আবাসিক এলাকায় পাকা বাড়িঘর ও সুউচ্চ অট্টালিকা দেখা যায়। যদিও কোথাও কোথাও সাধারণ বাড়িঘরও রয়েছে। |
| শহরের বাড়িগুলোর সামনে পর্যাপ্ত খোলামেলা জায়গা নেই। |
| শহরের আবাসিক এলাকায় খোলামেলা জায়গা না থাকলেও কোথাও কোথাও পার্ক রয়েছে। যেখানে শিশুরা খেলাধুলা করে। |
| শহরের আবাসিক এলাকায় সাধারণত কোনো গাছপালা নেই। তবে কেউ কেউ ছাদে ও বারান্দায় টবে ফুলের গাছ লাগায়। |

দলগত কাজ | (ঘ) পরিবেশের উপাদানের বৈচিত্র্য নিয়ে নিচের ধারণা চিত্রটি সম্পূর্ণ করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩




নির্দেশনা : আমাদের চারপাশের পরিবেশ পর্যবেক্ষণ করবে এবং ধারণা চিত্রটির সাথে মেলাবে। এরপর ফাঁকা ঘরগুলো পূরণ করবে।


উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে সম্ভাব্য শব্দ দিয়ে নিচে ধারণা চিত্রটি পূরণ করে দেওয়া হলো–





## পাঠ ২ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪



জোড়ায় কাজ | (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করে নিচের ছকে তথ্য লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪





| প্রাকৃতিক ও সামাজিক উপাদান | কীভাবে ব্যবহার করা হয় |
|---|---|
| নদী | নদী থেকে মাছ পাই, নদীতে নৌকা চলে |
| সমতল ভূমি | |
| রিকশা | |
| নৌকা | |
| গরু | |
| মুরগি | |

উত্তর : তোমাদের বোঝার সুবিধার্থে সম্ভাব্য উত্তর দিয়ে নিচে ছকটি পূরণ করে দেখানো হলো–

| প্রাকৃতিক ও সামাজিক উপাদান | কীভাবে ব্যবহার করা হয় |
|---|---|
| নদী | নদী থেকে মাছ পাই, নদীতে নৌকা চলে। |
| সমতল ভূমি | ফসল উৎপাদন হয়, যানবাহন চলে। |
| রিকশা | মানুষ রিকশায় চড়ে যাতায়াত করে। |
| নৌকা | নদী পারাপার হতে নৌকায় চড়তে হয়। |
| গরু | গরু দুধ দেয়, হাল চাষ করতে কাজে লাগে। মানুষ গরুর মাংস খায়। গরুর গোবর জমিতে সার হিসেবে ব্যবহৃত হয়। |
| মুরগি | মুরগি ডিম দেয়, আমরা মুরগির মাংস খাই। মুরগির শুকনো বিষ্ঠা মাছের খাদ্য হিসেবে কাজে লাগে। |

**একক কাজ** (খ) কোন ঋতুতে কোন ফল পাওয়া যায় তা নিচের শব্দ-ছক থেকে খুঁজে বের করে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ব | আ | ম | র | ফ | ম |
| লি | চু | জ | ক | লা | ন |
| পেঁ | পে | ড় | ব | র | ই |
| ক | ম | লা | স | ই | ত |
| জা | ম | চ | কাঁ | ঠা | ল |

| গ্রীষ্ম ঋতু | শীত ঋতু | সকল ঋতু |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

নির্দেশনা : শব্দ-ছকে অনেক ফলের নাম লুক্কায়িত আছে। এগুলো খুঁজে বের করবে।

উত্তর : নিচে শব্দ-ছকটি পূরণ করে দেওয়া হলো—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ব | আ | ম | র | ফ | ম |
| লি | চু | জ | ক | লা | ন |
| পেঁ | পে | ড় | ব | র | ই |
| ক | ম | লা | স | ই | ত |
| জা | ম | চ | কাঁ | ঠা | ল |

| গ্রীষ্ম ঋতু | শীত ঋতু | সকল ঋতু |
|---|---|---|
| আম, জাম | কমলা | কলা |
| লিচু | | পেঁপে |
| কাঁঠাল | | |

**দলগত কাজ** (গ) যানবাহনের ধরন অনুযায়ী নিচের ছকে গুরুত্ব লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬

| যানবাহন | যানবাহনের গুরুত্ব |
|---|---|
| নৌকা | |
| রিকশা | |
| বাস | |
| ট্রাক | |

উত্তর :

| যানবাহন | যানবাহনের গুরুত্ব |
|---|---|
| নৌকা | নৌকা যাতায়াত ও মালামাল পরিবহণের কাজে ব্যবহার করা হয়। নৌকায় চড়ে জেলেরা মাছ ধরে। |
| রিকশা | শহরাঞ্চলে রিকশায় চড়ে আমরা এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করি। রিকশায় যাতায়াতে তুলনামূলকভাবে খরচ কম। |
| বাস | দূরের কোনো স্থানে যাতায়াতের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বাস। |
| ট্রাক | স্থলপথে মালামাল পরিবহণের প্রধান বাহন হচ্ছে ট্রাক। |

**জোড়ায় কাজ** (ঘ) আমাদের পরিবেশে বিভিন্ন ধরনের প্রাণী থাকার গুরুত্ব সম্পর্কে ৩টি বাক্য লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬

**উত্তর :** আমাদের পরিবেশে বিভিন্ন ধরনের প্রাণী থাকার গুরুত্ব সম্পর্কে ৩টি বাক্য নিচে দেওয়া হলো—

(i) তৃণভোজী প্রাণী বনভূমিতে গাছপালার পাতা ও লতা-গুল্ম খেয়ে পরিবেশের ভারসাম্য নিয়ন্ত্রণে সাহায্য করে।


(ii) মাংসাশী প্রাণী বনভূমিতে তৃণভোজী প্রাণীকে খেয়ে তার সংখ্যা নিয়ন্ত্রণে সাহায্য করে।


(ii) সর্বোচ্চ স্তরের খাদক প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্তরের খাদকদের খেয়ে পরিবেশ সংরক্ষণে সাহায্য করে।


## পাঠ ৩ পরিবেশ সংরক্ষণের গুরুত্ব

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭

**একক কাজ** (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করি। কোন ছবিতে কী ঘটছে তা পাশের ঘরে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭







নির্দেশনা : ছবিগুলোতে পরিবেশ দূষণের বিভিন্ন খারাপ প্রভাব দেখানো হয়েছে। সম্ভাব্য উত্তর নিচে দেওয়া হলো।

**উত্তর : প্রথম ছবি :** ছবিটিতে রাস্তার পাশে ডাস্টবিন বা ময়লা ফেলার বিন দেখা যাচ্ছে। রাস্তা দিয়ে বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষ যাতায়াত করে। দুর্গন্ধে মানুষ কষ্ট পায়।

**দ্বিতীয় ছবি :** মানবসৃষ্ট বর্জ্য ও কলকারখানার ময়লা নদীতে ফেলার কারণে নদীর পানি কালো ও দূষিত হয়ে পড়েছে।

**তৃতীয় ছবি :** পানি নিষ্কাশনের সুব্যবস্থা না থাকায় বর্ষায় শহরে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। রাস্তায় নৌকা চলছে।

**দলগত কাজ** (খ) পরিবেশের বৈচিত্র্য নষ্ট হওয়ার কারণগুলো নিচের চিত্রে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮




**উত্তর :** তোমাদের সুবিধার্থে নিচে সম্ভাব্য উত্তর দেওয়া হলো–




**একক কাজ** (গ) পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে আমার করণীয়গুলো নিচের ছকে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮

| ক্রমিক নং | পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে আমার করণীয় |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

**নির্দেশনা :** 'পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে আমার করণীয়' সম্পর্কিত ছকটি তোমাদের সুবিধার্থে পূরণ করে দেওয়া হলো–

**উত্তর :**

| ক্রমিক নং | পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে আমার করণীয় |
|---|---|
| ১. | যেখানে সেখানে পলিথিন ব্যাগ ফেলব না। |
| ২. | বনভূমি ও পাহাড় কাটা বন্ধ করতে অন্যদেরকে উৎসাহিত করব। |
| ৩. | যেখানে-সেখানে বর্জ্য ফেলব না। নির্দিষ্ট স্থান বা ডাস্টবিনে ময়লা-আবর্জনা ফেলব। |
| ৪. | বাড়ির আঙিনা ও অন্যান্য স্থানে বৃক্ষরোপণ করব। |

**দলগত কাজ** (ঘ) নিচের ছবিগুলোতে কে, কী করছে তা দেখি ও এক্ষেত্রে আমি কী করব তা পাশের খালিঘরে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯









**নির্দেশনা :** পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৮-এর বিষয়বস্তুটি ভালোভাবে পাঠ করবে। তারপর দলগতভাবে আলোচনা করে ছবিগুলোর পাশের খালি ঘরে লিখবে। তোমরা অনুরূপ উত্তরমালা তৈরি করবে এবং সেসব উত্তরমালা দিয়ে খালি ঘরগুলো পূরণ করবে।

**উত্তর :** সম্ভাব্য উত্তর দিয়ে ছক পূরণ :

**প্রথম ছবি :** প্রথম ছবিতে কয়েকজন শিক্ষার্থী যেখানে-সেখানে ময়লা-আবর্জনা ফেলে শ্রেণিকক্ষের পরিবেশ নোংরা করছে। এক্ষেত্রে আমি সবাইকে নির্ধারিত স্থানে ময়লা-আবর্জনা ফেলতে উৎসাহিত করব।

**দ্বিতীয় ছবি :** দ্বিতীয় ছবিতে কয়েকজন শিক্ষার্থী খেলাচ্ছলে শ্রেণিকক্ষের বেঞ্চ এলোমেলো করছে। এক্ষেত্রে আমি সবাইকে বেঞ্চগুলো সুন্দরভাবে সাজিয়ে-গুছিয়ে রাখতে বলব।

**তৃতীয় ছবি :** তৃতীয় ছবিতে একজন শিক্ষার্থী বিদ্যালয়ের টব থেকে ফুল ছিঁড়ছে। এক্ষেত্রে আমি নিজে কখনো ফুল ও পাতা ছিঁড়বো না এবং অন্যদেরকে এসব কাজ করতে নিষেধ করব।

**চতুর্থ ছবি :** চতুর্থ ছবিতে একটি শিশু একটি বিড়ালকে প্রহার করছে। এটি একটি নির্দয় কাজ। আমি শিশুটিকে এই ধরনের নির্দয় কাজ থেকে বিরত থাকতে বলব।


## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই


### পাঠ ১ | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** | ছবিগুলো দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :







- ছবিগুলোতে কী দেখা যাচ্ছে?
- বিদ্যালয়ে আসার পথে তোমরা প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সংশ্লিষ্ট কী কী দেখেছ?
- এগুলোর মধ্যে কোনগুলো মানুষের সৃষ্ট এবং কোনগুলো মানুষের সৃষ্ট নয়?

**নমুনা উত্তর**

- **ছবিগুলোতে কী দেখা যাচ্ছে?**

  **উত্তর :** ছবিগুলোতে প্রাকৃতিক ও সামাজিক বিভিন্ন উপাদান দেখা যাচ্ছে।

- **বিদ্যালয়ে আসার পথে তোমরা প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সংশ্লিষ্ট কী কী দেখেছ?**

  **উত্তর :** বিদ্যালয়ে আসার পথে আমরা প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সংশ্লিষ্ট যা যা দেখেছি তা হলো— গরু, ছাগল, ভেড়া, মহিষ, কুকুর, বিড়াল, হাঁস-মুরগি, কাক, শালিক, সূর্য, আকাশ, গাছপালা, ঘরবাড়ি, মসজিদ, রিকশা, বাস, ট্রেন, নৌকা ইত্যাদি।

- **এগুলোর মধ্যে কোনগুলো মানুষের সৃষ্ট এবং কোনগুলো মানুষের সৃষ্ট নয়?**

  **উত্তর :**

| মানুষের সৃষ্ট | মানুষের সৃষ্ট নয় |
|---|---|
| ঘরবাড়ি | গরু, ছাগল, ভেড়া, মহিষ, কুকুর, বিড়াল |
| মসজিদ | সূর্য |
| রিকশা | আকাশ |
| বাস | নদী |
| ট্রেন | গাছপালা |
| নৌকা | পাখি |

### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ১। প্রাকৃতিক পরিবেশের উপাদান কী কী?**

**উত্তর :** প্রাকৃতিক পরিবেশের উপাদান হলো— গাছপালা, পশুপাখি, নদীনালা, খাল-বিল, সূর্য, মাটি, পানি, বাতাস ইত্যাদি।

**প্রশ্ন ২। আমাদের এলাকায় কী কী সামাজিক পরিবেশের উপাদান রয়েছে?**

**উত্তর :** আমাদের এলাকায় সামাজিক পরিবেশের উপাদান হলো— ঘরবাড়ি, দালাল-কোঠা, বিদ্যালয়, মসজিদ, মন্দির, দোকানপাট, রাস্তাঘাট, যানবাহন, খেলার মাঠ ইত্যাদি।

**প্রশ্ন ৩। আমাদের এলাকায় কী কী ধরনের পশুপাখি দেখতে পাওয়া যায়?**

**উত্তর :** আমাদের এলাকায় নানা ধরনের পশুপাখি দেখতে পাওয়া যায়। যেমন— গরু, ছাগল, ভেড়া, মহিষ, কুকুর, বিড়াল, শালিক, চড়ুই, ময়না, টিয়া, হাঁস-মুরগি ইত্যাদি।

**প্রশ্ন ৪। আমাদের এলাকায় যাতায়াতের ক্ষেত্রে কোন ধরনের যানবাহন বেশি ব্যবহৃত হয়?**

**উত্তর :** আমাদের এলাকায় যাতায়াতের জন্য বাস, ট্যাক্সি, রিকশা, বৈদ্যুতিক রিকশা এবং পানি পথে যাতায়াতের জন্য নৌকা ইত্যাদি বেশি ব্যবহৃত হয়।

**প্রশ্ন ৫। কয়েকটি সামাজিক অনুষ্ঠানের নাম বল।**

**উত্তর :** কয়েকটি সামাজিক অনুষ্ঠান হলো— ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, দুর্গাপূজা, সরস্বতী পূজা, বুদ্ধপূর্ণিমা, বড়দিন, পহেলা বৈশাখ, নবান্ন উৎসব ইত্যাদি।

**প্রশ্ন ৬। আমার এলাকায় কোন কোন ফল পাওয়া যায়?**


**উত্তর :** আমার এলাকায় যেসব ফল পাওয়া যায় তা হলো— আম, জাম, লিচু, কাঁঠাল, কলা, পেঁপে, পেয়ারা, বরই ইত্যাদি।

## পাঠ ২ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবিগুলোতে তোমরা কী দেখতে পাচ্ছ?





**নমুনা উত্তর :** ছবিগুলোতে আমরা দেখতে পাই– জেলেরা মাছ ধরছে, নদীতে নৌকা চলছে, শিক্ষার্থীরা স্কুলে যাচ্ছে, কৃষকেরা ক্ষেতে কাজ করছে, গরু ঘাস খাচ্ছে, রিকশাওয়ালা রিকশা চালাচ্ছে, বাজারে মানুষ কেনাকাটা করছে। অর্থাৎ এখানে মানুষ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপাদানগুলো নানাভাবে ব্যবহার করছে।

### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ১। কেন বিভিন্ন এলাকায় ভিন্ন ধরনের প্রাণী ও উদ্ভিদ দেখতে পাওয়া যায়?**

**উত্তর :** পরিবেশের বৈচিত্র্যের কারণে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ধরনের উদ্ভিদ ও প্রাণী দেখতে পাওয়া যায়।

**প্রশ্ন ২। গাছপালা কীভাবে আমাদের উপকার করে?**

**উত্তর :** গাছপালা আমাদের অক্সিজেন দিয়ে, কার্বন ডাইঅক্সাইড শোষণ করে এবং পরিবেশকে সুন্দর রেখে উপকার করে।

**প্রশ্ন ৩। নদনদী, খাল-বিল ও জলাশয়গুলো আমাদের কী কাজে লাগে?**

**উত্তর :** নদনদী, খাল-বিল ও জলাশয়গুলো থেকে আমরা মাছ পাই এবং সহজে যাতায়াত, মালপত্র পরিবহণ ও সেচ কাজে লাগে।


**প্রশ্ন ৪। বিভিন্ন জাতি, ধর্ম ও গোষ্ঠীর মধ্যে সম্প্রীতিপূর্ণ সম্পর্ক কেন প্রয়োজন?**


**উত্তর :** উন্নতি ও সমৃদ্ধির জন্য বিভিন্ন জাতি, ধর্ম ও গোষ্ঠীর মধ্যে সম্প্রীতিপূর্ণ সম্পর্ক প্রয়োজন।

## পাঠ ৩ পরিবেশ সংরক্ষণের গুরুত্ব

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবিগুলোতে তোমরা কী দেখতে পাচ্ছ?









**নমুনা উত্তর :** ছবিগুলোতে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ দূষণের ক্ষতিকর দিকগুলো দেখতে পাই।

একক কাজ | ছবিটি দেখে তোমার মতামত প্রকাশ কর।




নমুনা মতামত :
এটি বিশ্ব ধরিত্রী দিবসের ছবি। প্রতিবছর ২২শে এপ্রিল বিশ্বজুড়ে পালিত হয় ধরিত্রী দিবস বা আর্থ ডে। পরিবেশ ও প্রকৃতি রক্ষার মাধ্যমে পৃথিবীকে টিকিয়ে রাখাই হলো এ দিবসের মূল লক্ষ্য। জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্ব এখন প্রাকৃতিক দুর্যোগে জর্জরিত। তাই প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়াতে, পৃথিবীকে বাসযোগ্য রাখতে বিশ্বব্যাপী এ দিনটিতে নানা কর্মসূচির আয়োজন করা হয়।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।**

১। প্রাকৃতিক পরিবেশের উপাদানগুলোর মধ্যে বৈচিত্র্য রয়েছে।
২। পৃথিবীর অনেক অঞ্চলে মরুভূমি রয়েছে।
৩। বাংলাদেশে সারা বছর একই রকম তাপমাত্রা থাকে।
৪। অতিবৃষ্টির কারণে কখনো কখনো বন্যা হয়।
৫। বুদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা।
৬। বাংলাদেশে চারটি ঋতু রয়েছে।
৭। কলা ও পেঁপে সারা বছর পাওয়া যায়।
৮। লিচু একটি শীতকালীন ফল।
৯। গাছপালা আমাদের অক্সিজেন দেয়।
১০। পরিবেশ দূষণের জন্য মানুষ দায়ী নয়।

**উত্তরমালা :** ১। সত্য; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। সত্য; ৫। সত্য; ৬। মিথ্যা; ৭। সত্য; ৮। মিথ্যা; ৯। সত্য; ১০। মিথ্যা।

**খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।**

১। প্রাকৃতিক পরিবেশের উপাদানগুলোর মধ্যে — রয়েছে। **উত্তর :** বৈচিত্র্য।
২। নদনদী, খাল-বিল, হাওড়-বাঁওড় ইত্যাদি প্রকৃতিকে করেছে —। **উত্তর :** বৈচিত্র্যপূর্ণ।
৩। — গ্রীষ্মকালে খুব গরম ও শীতকালে — অনুভূত হয়। **উত্তর :** বাংলাদেশে, ঠান্ডা।
৪। বাংলাদেশে — প্রচুর বৃষ্টিপাত হয়। **উত্তর :** বর্ষাকালে।
৫। বাংলাদেশে অতিবৃষ্টির কারণে — ও অনাবৃষ্টির কারণে — হয়। **উত্তর :** বন্যা, খরা।
৬। — প্রয়োজনে গড়ে উঠেছে স্কুল, মাদ্রাসা, কলেজের মতো বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। **উত্তর :** মানুষের।
৭। বাংলাদেশ — ঋতুর দেশ। **উত্তর :** ছয়।

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

৮। পাহাড় ও বনভূমিতে থাকা গাছপালা আমাদেরকে — ও — দেয়। **উত্তর :** কাঠ, অক্সিজেন।
৯। — ভূমিতে আমরা নানা ফসল ফলাই। **উত্তর :** সমতল।
১০। আমাদের জীবনে — পরিবেশের বৈচিত্র্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। **উত্তর :** সামাজিক।
১১। গাছপালা আমাদেরকে — দেয়। **উত্তর :** অক্সিজেন।
১২। গাছপালা — শোষণ করে। **উত্তর :** কার্বন ডাইঅক্সাইড।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

**প্রশ্ন ১। বৈচিত্র্যপূর্ণ জীবজগৎ কাদের নিয়ে গঠিত?**
**উত্তর :** কীটপতঙ্গ থেকে শুরু করে হাতির মতো বিশাল প্রাণী এবং বিভিন্ন ধরনের উদ্ভিদ নিয়ে গঠিত বৈচিত্র্যপূর্ণ জীবজগৎ।

**প্রশ্ন ২। বাংলাদেশে কখন প্রচুর বৃষ্টিপাত হয়?**
**উত্তর :** বাংলাদেশে বর্ষাকালে প্রচুর বৃষ্টিপাত হয়।

**প্রশ্ন ৩। বাংলাদেশে কী কারণে বন্যা হয়?**
**উত্তর :** বাংলাদেশে অতিবৃষ্টির কারণে বন্যা হয়।

**প্রশ্ন ৪। বাংলাদেশে কী কারণে খরা হয়?**
**উত্তর :** বাংলাদেশে অনাবৃষ্টির কারণে খরা হয়।

**প্রশ্ন ৫। বাংলাদেশ কয় ঋতুর দেশ?**
**উত্তর :** বাংলাদেশ ছয় ঋতুর দেশ ।

**প্রশ্ন ৬। পাহাড় ও বনভূমিতে থাকা গাছপালা আমাদেরকে কী দেয়?**
**উত্তর :** পাহাড় ও বনভূমিতে থাকা গাছপালা আমাদেরকে কাঠ ও অক্সিজেন দেয়।

**প্রশ্ন ৭। বাংলাদেশের বিস্তীর্ণ সমতল ভূমিতে আমরা কী করি?**
**উত্তর :** বাংলাদেশের বিস্তীর্ণ সমতল ভূমিতে আমরা নানা ধরনের ফসল ফলাই।

**প্রশ্ন ৮। গাছপালা আমাদেরকে কী দেয়?**
**উত্তর :** গাছপালা আমাদেরকে অক্সিজেন দেয়, কার্বন ডাইঅক্সাইড শোষণ করে এবং পরিবেশকে সুন্দর রাখে।

পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক** নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।

১. **বাংলাদেশে কখন প্রচুর বৃষ্টিপাত হয়?**
(ক) বর্ষাকালে (খ) বসন্তকালে
(গ) গ্রীষ্মকালে (ঘ) শীতকালে
**উত্তর :** (ক) বর্ষাকালে।

২. **খরা হয় কেন?**
(ক) অনাবৃষ্টির কারণে (খ) অতিবৃষ্টির কারণে
(গ) ঘূর্ণিঝড়ের কারণে (ঘ) নদীভাঙনের কারণে
**উত্তর :** (ক) অনাবৃষ্টির কারণে।

৩. **নিচের কোনটি প্রাকৃতিক পরিবেশের উপাদান?**
(ক) ঘরবাড়ি (খ) নদী-নালা
(গ) রাস্তাঘাট (ঘ) নৌকা
**উত্তর :** (খ) নদী-নালা।

৪. **বাংলাদেশে কয়টি ঋতু আছে?**
(ক) ৩ (খ) ৪ (গ) ৫ (ঘ) ৬
**উত্তর :** (ঘ) ৬।

৫. **শীতকালে কোন ফলটি পাওয়া যায়?**
(ক) আম (খ) কাঁঠাল
(গ) কমলা (ঘ) জামরুল
**উত্তর :** (গ) কমলা।

**খ** নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। বৈচিত্র্যপূর্ণ প্রাকৃতিক পরিবেশ কীভাবে গড়ে উঠেছে?**
**উত্তর :** পাহাড়-পর্বত, সাগর-মহাসাগর, নদী-নালা, খাল-বিল, বিভিন্ন প্রজাতির কীটপতঙ্গ, প্রাণী নিয়ে গড়ে উঠেছে বৈচিত্র্যপূর্ণ জীবজগৎ। কোথাও বৃষ্টিপ্রবণ অঞ্চল, আবার কোথাও শুষ্ক মরুভূমি। গ্রীষ্মকালে খুব গরম, আবার শীতকালে প্রচণ্ড ঠান্ডা অনুভূত হয়। অন্যদিকে, বর্ষাকালে প্রচুর বৃষ্টিপাত হয়। এভাবেই বৈচিত্র্যপূর্ণ প্রাকৃতিক পরিবেশ গড়ে উঠেছে।

**প্রশ্ন ২। সামাজিক পরিবেশের ভিন্নতা কীভাবে তৈরি হয়েছে?**
**উত্তর :** এদেশে বিভিন্ন ধর্মের মানুষ একসাথে মিলেমিশে বসবাস করে। ভিন্ন ভিন্ন ধর্মের মানুষের রয়েছে আলাদা আলাদা ধর্মীয় অনুষ্ঠান। সমাজভেদেও ভিন্ন ভিন্ন উৎসব আছে। মানুষের প্রয়োজনে গড়ে উঠেছে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান। আমাদের সমাজে বসবাস করে বিভিন্ন পেশার মানুষ। একেক অঞ্চলের মানুষের ঘরবাড়ি, ভাষা ও খাদ্যাভ্যাসেও রয়েছে ভিন্নতা। এভাবেই সামাজিক পরিবেশের ভিন্নতা তৈরি হয়েছে।

**প্রশ্ন ৩। কোন ঋতুতে কোন কোন ফল পাওয়া যায় তা সংক্ষেপে লেখ।**
**উত্তর :** বাংলাদেশ ছয় ঋতুর দেশ। এখানে বিভিন্ন ঋতুতে বিভিন্ন ধরনের ফল পাওয়া যায়। যেমন— গ্রীষ্মকালে পাওয়া যায় আম, জাম, কাঁঠাল, লিচু ইত্যাদি। বর্ষাকালে পাওয়া যায় তাল, জামরুল, আমড়া, বাতাবিলেবু, জাম্বুরা ইত্যাদি। শীতকালে বরই, কমলা, জলপাই ইত্যাদি। এছাড়াও সারা বছর কলা ও পেঁপে পাওয়া যায়।



লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক** বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।

**প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) অনাবৃষ্টির কারণে | ধর্মীয় অনুষ্ঠান। |
| (খ) ঈদ, পূজা, বুদ্ধপূর্ণিমা, বড়দিন | বিভিন্ন ধরনের যানবাহন। |
| (গ) স্কুল, কলেজ, মাদ্রাসা | খরা হয়। |
| (ঘ) যাতায়াতের জন্য আমরা ব্যবহার করি | পেশাজীবী মানুষ। |
| (ঙ) কৃষি খামারগুলো | শিক্ষাপ্রতিষ্ঠান। |
| | গ্রামে অবস্থিত। |
| | ভিন্নতা রয়েছে। |

**উত্তরমালা :**
(ক) অনাবৃষ্টির কারণে **খরা হয়।**
(খ) ঈদ, পূজা, বুদ্ধপূর্ণিমা, বড়দিন **ধর্মীয় অনুষ্ঠান।**
(গ) স্কুল, কলেজ, মাদ্রাসা **শিক্ষাপ্রতিষ্ঠান।**
(ঘ) যাতায়াতের জন্য আমরা ব্যবহার করি **বিভিন্ন ধরনের যানবাহন।**
(ঙ) কৃষি খামারগুলো **গ্রামে অবস্থিত।**

**খ** নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। প্রাকৃতিক পরিবেশ কী? প্রাকৃতিক পরিবেশের উপাদানগুলো কেমন? প্রাকৃতিক পরিবেশের চারটি উপাদান লেখ।**
**উত্তর :** প্রাকৃতিক উপাদান নিয়ে যে পরিবেশ গঠিত তাকে প্রাকৃতিক পরিবেশ বলে। প্রাকৃতিক পরিবেশের উপাদানগুলো বৈচিত্র্যপূর্ণ। প্রাকৃতিক পরিবেশের চারটি উপাদান হলো— ১. পাহাড়-পর্বত, ২. সাগর-মহাসাগর, ৩. গাছপালা ও ৪. চাঁদ-সূর্য।

**প্রশ্ন ২। সামাজিক পরিবেশ কাকে বলে? বিদ্যালয়ে তুমি কী কী কাজ কর তা সম্পর্কে চারটি বাক্যে লেখ।**
**উত্তর :** মানুষ এবং তার অন্যান্য সৃষ্টি নিয়ে যে পরিবেশ গঠিত হয় তাকে সামাজিক পরিবেশ বলে।
বিদ্যালয়ে আমি যেসব কাজ করি সে সম্পর্কে চারটি বাক্য হলো—
১. সর্বদা সহপাঠীদের সাথে মিলেমিশে থাকি।
২. শ্রেণিকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সাহায্য করি।
৩. শ্রেণিকক্ষে শিক্ষকের কথা মনোযোগের সাথে শুনি।
৪. সকলের সাথে ভালো আচরণ করি।

**প্রশ্ন ৩। গাছপালা কেন প্রয়োজন? আমরা কোথায় ময়লা-আবর্জনা ফেলব? পরিবেশ দূষিত হওয়ার চারটি কারণ লেখ।**
**উত্তর :** আমাদের সুস্থ ও সুন্দরভাবে বেঁচে থাকার জন্য গাছপালা প্রয়োজন। আমরা নির্দিষ্ট স্থানে ময়লা-আবর্জনা ফেলব।
পরিবেশ দূষিত হওয়ার চারটি কারণ হলো—
১. পাহাড় কাটা,
২. যেখানে-সেখানে ময়লা-আবর্জনা ফেলা,
৩. যানবাহন ও কলকারখানার বিষাক্ত কালো ধোঁয়া ও
৪. নির্বিচারে গাছ কাটা।

## শিক্ষক/অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • পরিবেশ কী তা বলতে পেরেছে | | | |
| | • পরিবেশের শ্রেণিবিভাগ সম্পর্কে বলতে পেরেছে | | | |
| | • পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব সম্পর্কে বলতে পেরেছে | | | |
| দক্ষতা | • প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের পার্থক্য নির্ণয় করতে পেরেছে | | | |
| | • সরাসরি চারপাশের পরিবেশ অবলোকন করে পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব বর্ণনা করতে পেরেছে | | | |
| | • পরিবেশ সংরক্ষণের গুরুত্ব বর্ণনা করতে পেরেছে | | | |
| দৃষ্টিভঙ্গি | • পরিবেশ বৈচিত্র্যের গুরুত্ব উপলব্ধি করেছে | | | |
| | • পরিবেশ বিনষ্টের কারণ উপলব্ধি করে পরিবেশ সংরক্ষণের গুরুত্ব অনুধাবন করেছে | | | |
| মূল্যবোধ | • পরিবেশের যথাযথ সংরক্ষণে নিজে এগিয়ে এসেছে এবং অন্যকে পরিবেশ সংরক্ষণে উদ্বুদ্ধ করেছে | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐

### ধারাবাহিক মূল্যায়ন

সময় : ..............

শিক্ষার্থীর নাম : .................................... শ্রেণি : .................................... রোল নম্বর : ☐

১। যানবাহনের ধরন অনুযায়ী নিচের ছকে গুরুত্ব লিখি—

| যানবাহন | যানবাহনের গুরুত্ব |
|---|---|
| নৌকা | |
| রিকশা | |
| বাস | |
| ট্রাক | |

২. অ্যাসাইনমেন্ট : আমার নিজ এলাকার প্রাকৃতিক বৈচিত্র্য বর্ণনা করি।

৩। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :

(১) বাংলাদেশে কখন প্রচুর বৃষ্টিপাত হয়?
ⓚ বর্ষাকালে ⓚ্খ বসন্তকালে
ⓖ গ্রীষ্মকালে ⓖ্ঘ শীতকালে

(২) নিচের কোনটি প্রাকৃতিক পরিবেশের উপাদান?
ক) ঘরবাড়ি খ) নদী-নালা
গ) রাস্তাঘাট ঘ) নৌকা

(৩) বাংলাদেশে কয়টি ঋতু আছে?
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

(৪) শীতকালে কোন ফলটি পাওয়া যায়?
ক) আম খ) কাঁঠাল গ) কমলা ঘ) জামরুল

### উত্তরমালা

১। ৭ পৃষ্ঠার ২নং পাঠের দলগত কাজ (গ) দ্রষ্টব্য।

২। ৫ পৃষ্ঠার ১নং পাঠের একক কাজ (গ) দ্রষ্টব্য।

৩। (১) ক) বর্ষাকালে; (২) খ) নদী-নালা; (৩) ঘ) ৬; (৪) গ) কমলা।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐